


# সিলেটে এইচএসসির স্থগিত পরীক্ষা ১১ আগস্টের পর

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১২:৪৩, ৩০ জুন ২০২৪



পরীক্ষা। ফাইল ফটো

বন্যা পরিস্থিতির কারণে সিলেট বিভাগের স্থগিত এইচএসসি ও সমমানের পরীক্ষা ১১ আগস্টের পর অনুষ্ঠিত হবে। রবিবার এ তথ্য জানিয়েছেন আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার।

UNIBOTS

তিনি বলেন, বন্যা পরিস্থিতির কারণে সিলেট বোর্ডের এইচএসসি ও সমমান পরীক্ষা স্থগিত করা হয়। স্থগিত পরীক্ষাগুলো ১১ আগস্টের পর থেকে শুরু হবে।

এর আগে ২০ জুন বন্যায় সৃষ্ট জলাবদ্ধতার কারণে সিলেট বিভাগের এইচএসসি ও সমমানের পরীক্ষা ৮ জুলাই পর্যন্ত স্থগিত করা হয়। আজ ৩০ জুন থেকে এই পরীক্ষা শুরু হয়েছে দেশের

অন্যান্য বিভাগে।

আন্তর্জাতিক শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির কমিটির প্রধান ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জানিয়েছিলেন, ৯ জুলাই থেকে যে পরীক্ষাগুলো হওয়ার কথা ছিল সেগুলো যথারীতি হবে।